

দিনাজপুরে ১৩ শিক্ষাপ্রতিষ্ঠানে শতভাগ পাস

দিনাজপুর
প্রতিনিধি

২৭ নভেম্বর,
২০২৩ ১১:৩৪

শেয়ার

অ +

অ -



দিনাজপুর শিক্ষা বোর্ড। ফাইল ছবি

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় এ বছর দিনাজপুর বোর্ডে পাসের হার ও জিপিএ ৫ কমেছে। পাসের হার ৭৪.৪৮ শতাংশ।

জিপিএ ৫ পেয়েছে ছয় হাজার ৪৫৯ জন। শতভাগ পাস করেছে বোর্ডের অধীনে ১৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের পরীক্ষার্থীরা।

আর কেউ পাস করেনি ১৬টি প্রতিষ্ঠান থেকে।

গতকাল চেয়ারম্যানের স্বাক্ষরে এই পরিসংখ্যান তুলে ধরেন পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মীর সাজ্জাদ আলী। জানানো হয়, বোর্ডের অধীনে আটটি জেলার ৬৭১টি প্রতিষ্ঠান থেকে মোট এক লাখ ১০ হাজার ৮৭৬ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। পাস করে ৮২ হাজার ৫৭৯ জন।

পাসের হার ৭৪.৪৮ শতাংশ। ছয় হাজার ৪৫৯ জন জিপিএ ৫ পেয়েছে। তাদের মধ্যে ছাত্রী তিন হাজার ৩৯৪ জন এবং ছাত্র তিন হাজার ৬৫ জন।

এবার বোর্ডে ৩৭ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে।